

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২১৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৭৪. দু' ওয়াক্তের সালাত একত্র করা প্রসঙ্গে

باب الْجَمْعِ بَيْنَ الصَّلَاتَيْنِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ وَمُسَدَّدٌ، قَالَا حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، ح وَحَدَّثَنَا عَمْرُو بْنُ عَوْنٍ ، وَمُسَدَّدٌ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ ، عَنْ جَابِرِ بْنِ زَيْدٍ ، عَنِ ابْنِ عَبَّاسٍ ، قَالَ : صَلَّى بِنَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم بِالْمَدِينَةِ ثَمَانِيًا وَسَبْعًا الظُّهْرَ وَالْعَصْرَ وَالْمَعْرِبَ وَالْعَصْرَ وَالْمَعْرِبَ وَالْعِشَاءَ

_ صحیح : ق

وَلَمْ يَقُلْ سُلَيْمَانُ وَمُسَدَّدُ بِنَا. قَالَ أَبُو دَاوُدَ : وَرَوَاهُ صَالِحٌ مَوْلَى التَّوْأَمَةِ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ : فِي غَيْرِ مَطَرِ .

_ صحیح

বাংলা

১২১৪। ইবনু 'আব্বাস রাযিয়াল্লাহু 'আনহুমা সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনাতে আমাদেরকে নিয়ে আট রাক'আত (অর্থাৎ যুহরের চার ও 'আসরের চার) এবং সাত রাক'আত (মাগরিবের তিন ও 'ইশার চার) সালাত আদায় করেছেন।[1]

সহীহ: বুখারী ও মুসলিম।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, বর্ণনাকারী সুলায়মান ও মুসাদ্দাদ তাঁদের বর্ণনায় 'আমাদেরকে নিয়ে' কথাটি বলেননি। ইমাম আবূ দাউদ (রহঃ) তাওয়ামাহর মুক্তদাস সলিহ ইবনু 'আব্বাস (রাঃ) সূত্রে বর্ণনা করেন যে, সেদিন বৃষ্টি না হওয়া সত্ত্বেও সালাত একত্র করেছেন।



সহীহ।

English

Narrated Ibn 'Abbas:

The Messenger of Allah (ﷺ) led us in prayer at Medina eight of seven rak'ahs, in the noon and afternoon prayers, and the sunset and night prayers. The narrator Sulaiman and Musaddad did not say the words "led us".

Abu Dawud said: The aforesaid tradition has also been narrated by Salih, the client of Tu'mah on the authority if Ibn 'Abbas saying: "Not during rain."

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : সালাতের ওয়াক্তসমূহ, অনুঃ যুহরকে 'আসর পর্যন্ত বিলম্ব করা, হাঃ ৫৪৩), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত ও কাসর, অনুঃ মুকীম অবস্থায় দুই সালাতকে একত্রিত করা) সকলে হাম্মাদ ইবনু যায়িদ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন